ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২০২৯</u>
মোহনপুর,৩০ জুলাই,২০২৫

# স্বাধীনতা দিবস : মোহনপুরে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

যথাযোগ্য মর্যাদায় আগামী ১৫ আগস্ট মোহনপুরে ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে গতকাল মোহনপুর মহকুমার মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহকুমা শাসক সুভাষ দত্ত। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব ও ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, মোহনপুর মহকুমা শাসক কার্যালয়ের ডি.সি.-গণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত হয় আগামী ১৫ আগস্ট মোহনপুর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের মাঠে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে। এদিন বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ও প্রোটেকটিভ হোমের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। মূল অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়, মহাবিদ্যালয় এবং সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন।

*****